



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

MEGHNA LIFE INSURANCE CO. LTD.

সূত্র : এমএলআই/প্রশংকা/প্রশাঃ/৩১৯/২০২৪/২০৬৮

১২ ডিসেম্বর ২০২৪

সার্কুলার

বিষয় : উৎসাহ বোনাস (Incentive Bonus)-২০২৩।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত আনন্দের সহিত অবহিত করা যাচ্ছে যে, ২৩/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ১৬৬তম সভায় কোম্পানীর প্রশাসনিক কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে ৩১/১২/২০২৩ তারিখে সমাপ্ত হিসাব বছরের জন্য ০১ (এক) টি উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে নিম্নবর্ণিত নীতিমালা (guidelines) ও শর্তবলীর আওতায় ২০২৩ সালের উৎসাহ বোনাস প্রদান (disburse) করার জন্য নির্দেশ দেয়া হলো :

- ১-(ক) কোম্পানীর প্রধান কার্যালয় ও সকল ডিভিশনের স্থায়ী/চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারী, সকল ড্রাইভার এবং প্রধান কার্যালয়ে কর্মরত সুইপার ২০২৩ সালের উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। জোন, শাখা ও CSC-তে থোক বেতনে (ড্রাইভার ব্যতীত) নিয়োজিত/ব্যবসা আহরণের লক্ষ্যমাত্রার ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিগণ এ বোনাস পাবেন না। উন্নয়ন কর্মকর্তা যারা উন্নয়ন পে-ফ্লেক্সভুক্ত তারাও এ বোনাস পাবেন না। যে সমস্ত উন্নয়ন কর্মকর্তাগণ উন্নয়ন হতে প্রশাসনে আত্মীকরণকৃত হয়েছেন তারাও শর্ত পূরণ সাপেক্ষে উৎসাহ বোনাস পাবেন।
- (খ) ০১/০৭/২০২৩ তারিখে বা এর পূর্বে যারা যোগদান করেছেন তারা আনুপাতিক হারে (pro rata basis) বোনাস প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন। তবে ০১/০৭/২০২৩ তারিখের পূর্বে শিক্ষানবিস হিসেবে যোগদান করলেও তারা বোনাস প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন না। তাদেরকে ২০২৩ সালে কমপক্ষে ০৬ মাস স্থায়ীভাবে চাকরি করতে হবে। পূর্ণ বোনাস প্রাপ্তির জন্য ০১/০১/২০২৩ হতে ৩১/১২/২০২৩ পর্যন্ত ১২ মাস অবিচ্ছেদ্যভাবে চাকরিরত থাকতে হবে। যোগ্য (eligible) অর্থ চাকরিকাল ১২ মাস পূর্ণ হয় নাই, এমন কর্মকর্তা/কর্মচারী আনুপাতিক হারে (pro rata basis) বোনাস পাবেন।
- (গ) আনুপাতিক হারে বোনাসের পরিমাণ হবে $(৩১/১২/২০২৩ \text{ তারিখের মূল বেতন} + ৩৬\%) \times ২০২৩ \text{ সনের কর্মদিবস}$ । কেহ বিনা বেতনে ছুটি ভোগ করলে বিনা বেতনের দিন/দিনগুলো কর্মদিবস হতে বাদ যাবে। শুক্র ও শনিবার তথা সাপ্তাহিক ছুটির দিন ও সরকারি গেজেটেড ছুটির দিন কর্মদিবস হিসেবে বিবেচিত হবে।
- (ঘ) ৩১/১২/২০২৩ তারিখে প্রাপ্ত মূল বেতনের (basic pay) সমপরিমাণ অথবা স্থির (consolidated) বেতনের ৫০%-কে মূল বেতন বিবেচনা করে বোনাস প্রদান করতে হবে। তবে যে সকল কর্মকর্তা/কর্মচারী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ কিংবা তার পূর্বে বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য ছিলেন তাদের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রদত্ত মূল বেতনের সাথে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধি চলতি বছর ২০২৩ বছরের প্রদেয় তারিখ হতে প্রদান করা হলে তা বিবেচনায় নিয়ে উৎসাহ বোনাস হিসাব করতে হবে।
- (ঙ) বোনাস প্রদানের (disbursement) তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে পে-রোল (pay roll) ভুক্ত থাকতে হবে অর্থাৎ চাকরিতে কর্মরত (active service) থাকতে হবে।

- ২-ক) যিনি/যারা সাময়িক বরখাস্তাধীন (under suspension) রয়েছেন তাদেরকে বোনাস প্রদান করা যাবে না। অভিযোগের বিষয় নিষ্পত্তি হলে পৃথক অনুমোদনের ভিত্তিতে তা পরিশোধিত হবে।

চলমান পাতা-২

প্রধান কার্যালয় মেঘনা লাইফ-কর্পোরেট বীমা ভবন, ১১/বি ও ১১/ডি, টিএনসি সার্কুলার রোড (শাশা চক্কর স্কয়ার) মতিবলি, ঢাকা-১০০০। ফোন (পিওসিও) ২২৩০৮৬৩০৮,

২২৩০৮৬২০৪, ৪১১১৫৯৯ ফ্যাক্স ২২৩০৮৬১১৩, E-mail: info@meghnalife.com Web: www.meghnalife.com



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড MEGHNA LIFE INSURANCE CO. LTD.


পাতা-২

- (খ) নিয়ম-শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম (disciplinary action) এর অধীন কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো বিষয় নিষ্পত্তির অপেক্ষায় থাকলে তাদেরকে এই বোনাস প্রদান করা যাবে না। বোনাস প্রদানের তারিখে যে সকল কর্মকর্তা/কর্মচারী দীর্ঘদিন যাবত (কমপক্ষে ১৫ দিন) অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন তারা বোনাস প্রাপ্য হবেন না। তাদের ক্ষেত্রে কর্তৃপক্ষ পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- (গ) ২০২৩ সালে কোম্পানীতে চাকরি করলেও বোনাস প্রদানের তারিখ অর্থাৎ ১৫/১২/২০২৪ বা তার পূর্বে যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী চাকরি থেকে ইস্তফা দিয়ে যথারীতি অব্যাহতি লাভ করেছেন বা করবেন এবং যারা ইস্তফাপত্র দাখিল করেছেন বা করবেন যা বর্তমানে প্রক্রিয়াধীন/বিবেচনাধীন রয়েছে/থাকবে তারা ২০২৩ সালের উৎসাহ বোনাস প্রাপ্য হবেন না। এমনকি ৩১/১২/২০২৩ এর পর যাদের চাকরির চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং যথানিয়মে অব্যাহতি লাভ করেছেন তাদের বিষয়ও বিবেচিত হবে না।
- (ঘ) ২০২৩ সালে বা বোনাস প্রদানের অব্যাহতি পূর্বে কোন কর্মকর্তা/কর্মচারী নৈতিকস্বল্পন, অর্থ আত্মসাহা কিংবা গুরুতর অনিয়মের জন্য চাকরিচ্যুত/বরখাস্ত (terminated/dismissed) হলে তিনি বোনাস প্রাপ্তিতে অযোগ্য বিবেচিত হবেন।
- ৩- এই বোনাস ১৫/১২/২০২৪ তারিখ হতে প্রদান করা হবে।

স্বাঃ/
(এন. সি. রুদ্র)
মুখ্য নির্বাহী কর্মকর্তা

অনুলিপিঃ

০১। চেয়ারম্যান, ০২। ডাইরেক্টর, ০৩। ডাইরেক্টর, ০৪। অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিএফও, ০৫। কনসালট্যান্ট, ০৬। সকল ডিএমডি, ০৭। চীফ কো-অর্ডিনেটর, ০৮। সকল এসইডিপি/ইডিপি, ০৯। এসডিপি (আইটি) - মেঘনা লাইফ পোর্টালে লিপিবদ্ধ করা যেতে পারে, ১০। সকল এসডিপি/ডিপি, ১১। সকল ডিডিপি/এডিপি, ১২। সকল সেকশন ইনচার্জ - একক/লোক/ইবীতা/স্মার্ট, ১৩। ফাইল।


(এন. সি. রুদ্র)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
১৫.